

📖 সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নম্বরঃ ২৯৯৪ [আন্তর্জাতিক নম্বরঃ ১২৮০]

১৬। হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ৪৭. আরাফাহ থেকে মুযদালিফায় প্রত্যাবর্তন এবং মুযদালিফায় এ রাতের মাগরিব ও ইশার সালাত একত্রে আদায় করা মুস্তাহাব

باب الإفاضة من عرفات إلى المزدلفة واستحباب صلاتي المغرب والعشاء جمعاً
بالمزدلفة في هذه الليلة

আরবী

حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ، أَخْبَرَنَا وَكَيْعٌ، حَدَّثَنَا سُفْيَانُ، عَنْ مُحَمَّدِ بْنِ عُقْبَةَ، عَنْ كُرَيْبٍ، عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ، أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمَّا أَتَى النَّقْبَ الَّذِي يَنْزِلُهُ الْأَمْرَاءُ نَزَلَ فَبَالَ - وَلَمْ يَقُلْ أَهْرَاقَ - ثُمَّ دَعَا بِوَضُوءٍ فَتَوَضَّأَ وَضُوءًا خَفِيفًا فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ الصَّلَاةَ . فَقَالَ " الصَّلَاةُ أَمَامَكَ " .

বাংলা

২৯৯৪-(২৮০/...) ইসহাক ইবনু ইবরাহীম (রহঃ) উসামাহ ইবনু যায়দ (রাযিঃ) থেকে বর্ণিত। যে উপত্যকায় মক্কার (মক্কার) সম্রাণ্ড লোকেরা অবতরণ করত, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সেখানে অবতরণ করে পেশাব করলেন। তিনি পানি ঢেলে দেয়ার কথা উল্লেখ করেননি। এরপর রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ওয়ুর পানি চাইলেন এবং হালকা ওয়ু করলেন আমি বললাম, হে আল্লাহর রসূল! সালাত (সালাত/নামাজ/নামায)। তিনি বললেন, সালাত সামনে এগিয়ে আদায় করা হবে। (ইসলামিক ফাউন্ডেশন ২৯৬৯, ইসলামীক সেন্টার ২৯৬৭)

English

Usama b. Zaid (Allah be pleased with him) reported that when Allah's Messenger (may peace be upon him) came to the valley where the rich (people of Mecca) used to get down. he got down. and urinated (and he did not mention about pouring water) ; he then called for water and performed a light ablution. I said: Messenger of Allah, the prayer I Thereupon he said: Prayer awaits you

ahead.

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=50077>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন